

## একবার যদি আসিতে ফিরে

কাইউম পারভেজ

এই বাংলার মাটি ও মানুষ ফুল গাছ নদী পাখি  
এখনো আশায় আসিবে তুমি বাংলার পথে হাঁটি।  
শুধু একবার আসিতে যদি দেখিতে প্রিয় পিতা  
এই বাংলার ঘরে ঘরে শুধু তোমারই কথকতা।  
একবার, শুধু একটিবার আসো না তোমার বাংলায়  
রক্তের ঋণ শুধিতে হইবে ভালবাসা - কান্নায়।  
সারা বাংলা ডাকিছে আসো একটি বারের জন্য  
স্বাধীনতার স্বপ্নপুরুষ - তুমি যে চির অনন্য।

<https://www.facebook.com/qaiyum.parvez/videos/3184650691604094/>